

সফটওয়্যার এর শিরোনাম: SRDI এর নিজস্ব “আমার মাটি” App এ কৃষক কর্তৃক গবেষণাগারে প্রেরিত মাটির অবস্থা যাচাই ও ফলাফল মোবাইলে পাওয়া

সমস্যার বিবরণ:

- ১। কৃষকদের মৃত্তিকা নমুনা সংগ্রহের সঠিক পদ্ধতি অজানা।
- ২। গবেষণাগারে মাটি প্রেরণের জন্য কৃষকদের ল্যাভে আসতে হয়।
- ৩। গবেষণাগারে প্রেরিত মাটি পরীক্ষার আবেদন ফি জমা দিতে অফিসে আসতে হয়।
- ৪। গবেষণাগারে প্রেরিত মাটি পরীক্ষার রিপোর্ট নিতে ল্যাভে আসতে হয়।
- ৫। কৃষক কর্তৃক গবেষণাগারে প্রেরিত মাটির অবস্থা যাচাই ও ফলাফল প্রাপ্তিতে অফিসে বারবার আসায় কৃষকদের সময়, খরচ ও ভ্রমণের জন্য অর্থ ও সময় লাগায় তারা অনেক সময় পরবর্তী সময়ে মাটি পরীক্ষার প্রতি আগ্রহ হারিয়ে ফেলে।

সমাধানের বিবরণ:

- ১। “আমার মাটি” App এ SRDI এর কার্যক্রম, মৃত্তিকা নমুনা সংগ্রহের সঠিক পদ্ধতি, ভেজাল সার সনাক্তকরণ পদ্ধতি, সমস্যাশীল মাটির জন্য SRDI উদ্ভাবিত প্রযুক্তিসমূহের সচিত্র এনিমেটেড কার্টুন আকারে দেয়া থাকায় কৃষক সহজে এসব সম্পর্কে জানতে পারবে ও মাটি পরীক্ষার প্রতি আগ্রহী হবে।
- ২। App এ SRDI এর প্রতিটি ল্যাভ এর লিস্ট ও যোগাযোগের ঠিকানা, মোবাইল নাম্বার প্রভৃতি দেয়া থাকবে।
- ৩। কৃষক সেখান থেকে তার সুবিধামতো ল্যাভে যোগাযোগ করে ডাকযোগে গবেষণাগারে মাটি প্রেরণ করবেন।
- ৪। কৃষক গবেষণাগারে প্রেরিত মাটি পরীক্ষার আবেদন ফি জমা অনলাইনে জমা দিবেন (বিকাশ/রকেট/নগদ/ব্যাংক একাউন্ট প্রভৃতি)।
- ৫। আবেদনের পর প্রতিটি নমুনার জন্য আলাদা আলাদা ল্যাভ আইডি পড়বে। এই ইউনিক ল্যাভ আইডি দিয়ে পরবর্তীতে কৃষক তার নমুনা কোন অবস্থায় আছে দেখতে পারবেন। সম্ভাব্য এই ধাপগুলো সেখানে থাকতে পারেঃ মাটি গ্রহণ>আবেদন ফি পরিশোধ>ল্যাভ আইডি প্রদান>মাটি ল্যাভের পরীক্ষার জন্য প্রস্তুতকরণ>ল্যাভ পরীক্ষা চলমান>রিপোর্ট ও সার সুপারিশ কার্ড প্রস্তুতকরণ> রিপোর্ট ও সার সুপারিশ কার্ড প্রদান
- ৬। কৃষক মাটি প্রেরণের পর সেটার রিপোর্ট তার ই-মেইল/ মোবাইল নাম্বার (WhatsApp/Imo etc.) এ পৌঁছে যাবে অথবা কৃষক যেকোন সময় ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে দেখতে পারবেন।
- ৭। পরীক্ষা করা মাটির তথ্য সংরক্ষণ করা হবে যেন সেই ল্যাভ আইডি ব্যবহার করে পরবর্তী ৫ বছরে কৃষক এর চাহিদা মোতাবেক ফসল এর জন্য সার সুপারিশ কার্ড প্রদান করা যায়।
- ৮। রিপোর্টে সম্ভাব্য ফসল বিন্যাস ভিত্তিক সার প্রয়োগ এর পরামর্শ থাকার পাশাপাশি প্রতি বছরে একবার সহজলভ্য জৈব সার দেয়ার পরামর্শও থাকবে।

সফটওয়্যার প্রস্তাবের যৌক্তিকতা:

- ১। কৃষক গবেষণাগারে মাটি প্রেরণের পর এর অবস্থা যাচাই ও ফলাফল পাওয়ার জন্য অফিসে বারবার আসতে হবে না। এতে কৃষকদের সময়, খরচ ও ভ্রমণের জন্য অর্থ ও সময় অপচয় কম হবে। ফলে তারা পরবর্তী সময়ে মাটি পরীক্ষার প্রতি আগ্রহী হবে।
- ২। কৃষকেরা মাটি পরীক্ষার মাধ্যমে অতি সহজেই নির্দিষ্ট ফসলের জন্য সুষম মাত্রায় সার প্রয়োগ সম্পর্কে জানতে পারবে এবং প্রয়োগ করতে আগ্রহী হবে। ফলে সারের অপচয় কম হবে।
- ৩। মাটির স্বাস্থ্য সুরক্ষার মাধ্যমে SDGs এর লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে।

৪। কৃষকেরা বিদ্যমান খরচের চেয়ে কম খরচে ফসল উৎপাদন করতে সক্ষম হবেন।

৫। সুষম মাত্রায় সার ব্যবহারে ফসলের ফলন বৃদ্ধি পাবে।

বাস্তবায়নের সময়কাল: ০১ (এক) বছর।

সফটওয়্যারটির প্রয়োগক্ষেত্র:

১। SRDI এর Web portal সহ প্রত্যেকটি আঞ্চলিক, বিভাগীয় Web portal এর সাথে App লিংক করা থাকবে।

২। কৃষি সম্পর্কিত বিভিন্ন প্রতিষ্ঠানের App এর সাথে সমন্বয় করে App টির কানেকশন করা যেতে পারে। “খামারি অ্যাপস” সহ বিভিন্ন কৃষি সম্পর্কিত অ্যাপস এর সাথে চ্যানেলটির কানেকশন করলে সকলের কাছে SRDI এর তথ্য সহজে পৌঁছানো সম্ভব হবে।

৩। অ্যান্ড্রয়েড ফোন/স্মার্ট ফোন, কম্পিউটার, ল্যাপটপ, ট্যাব, নোটবুক ব্যবহারকারী যেকোন ব্যক্তি ব্যবহার করতে পারবে।

সফটওয়্যার প্রস্তুতকারকের নাম ও ঠিকানা:

শারমিন সুলতানা

বৈজ্ঞানিক কর্মকর্তা

মুক্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট

আঞ্চলিক কার্যালয়, কুষ্টিয়া।